

ইসলামিক ফাউন্ডেশন

প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

প্ৰটঃ ই-৪/এ, ব্লক: সিভিক সেন্টার, সেকশনঃ আগারগাঁও

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং-১৬.০১.০০০০.০১.১৭.০০২.৯৩(ভলি-২)/১৪০৬৭

তারিখ : ২৩/০৯/২০১৯ খ্রি.


অফিস আদেশ

ইসলামিক ফাউন্ডেশন-এর বোর্ড অব গভর্নরসের ২২/০৬/২০১৯ খ্রি. তারিখের ২০৪ তম সভার ৪৭৬/৪ নম্বর সিদ্ধান্তে গৃহিত হয় যে, "বোর্ড অব গভর্নরস-এর পূর্ব অনুমোদন ব্যতিত ইসলামিক ফাউন্ডেশনের ৯ম বা তার তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণের নিয়োগ, বদলি, পদোন্নতি ও শৃঙ্খলাজনিত যে কোন বিষয়ে সিদ্ধান্ত নেয়া যাবে না। জরুরি প্রয়োজনে বোর্ড অব গভর্নরস-এর চেয়ারম্যানের সঙ্গে আলোচনাক্রমে মহাপরিচালক সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন। তবে তা পরবর্তী বোর্ড অব গভর্নরস-এর সভায় অনুমোদন নিতে হবে"।

২। বোর্ড অব গভর্নরসের উক্ত সিদ্ধান্ত উপেক্ষা করে গত ০৮/০৯/২০১৯ খ্রি. তারিখের ইফাঃপ্রশাঃ/বোর্ড সভা-১(৮)/১১/৯৭/০৬(অংশ-২)খণ্ডনখি ৪১৪৭ নম্বর স্মারকের মাধ্যমে জনাব মোঃ আফজাল উদ্দিন, পরিচালক (অর্থ ও হিসাব) কে স্পষ্টকরণের পত্র দেয়া হয়, ইফাঃপ্রশাঃ/বোর্ড সভা-১(৮)/১১/৯৭/০৬(অংশ-১)খণ্ডনখি ৪১৪৮ নম্বর স্মারকের মাধ্যমে ইসলামিক ফাউন্ডেশনের সচিবকে একইভাবে স্পষ্টকরণের পত্র দেয়া হয়, ১৬/০৯/২০১৯ খ্রি. তারিখের ইফাঃপ্রশাঃমাঃদোঃ/৪৮ নিচতলা/৪২৪৫ নম্বর স্মারকের মাধ্যমে সচিব, ইসলামিক ফাউন্ডেশনের নিকট এবং গত ১৬-০৯-২০১৯খ্রি. তারিখের ১৬.০১.০০০০.০০১.০১.২০৫.৯৬.৪২৪৭ নম্বর স্মারকের মাধ্যমে জনাব মোহাম্মদ তৌহিদুল আনোয়ার, প্রকল্প পরিচালক, জমিয়তুল ফালাহ মসজিদ কমপ্লেক্স-এর নিকট ব্যাখ্যা চাওয়া হয়।


৩। এমতাবস্থায়, বোর্ড অব গভর্নরসের সিদ্ধান্ত উপেক্ষা করে পরিচালক (অর্থ ও হিসাব), সচিব, ইসলামিক ফাউন্ডেশনকে স্পষ্টকরণ ও ব্যাখ্যা প্রদান এবং প্রকল্প পরিচালক, জমিয়তুল ফালাহ মসজিদ কমপ্লেক্স-এর ব্যাখ্যা প্রদান সম্পর্কিত স্মারক নং-৪১৪৭, ৪১৪৮, ৪২৪৫ ও ৪২৪৭-এ ৪টি পত্র ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও বোর্ড অব গভর্নরস-এর চেয়ারম্যানের অনুমোদনক্রমে বাতিল করা হলো।

৪। এ আদেশ ইসলামিক ফাউন্ডেশনের স্বার্থে জারি করা হলো।


কাজী নূরুল ইসলাম
সচিব
ইসলামিক ফাউন্ডেশন
ফোন : ০২-৮১৮১৫১৭
তারিখ : ২৩/০৯/২০১৯ খ্রি.

স্মারক নং-১৬.০১.০০০০.০১.১৭.০০২.৯৩(ভলি-২)/১৪০৬৭(৩০)
বিতরণ : (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)।

- ১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে অবহিত করার জন্য)।
- ৩। পরিচালক/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক/বিভাগীয় প্রধান..... ইসলামিক ফাউন্ডেশন।
- ৪। পরিচালক, আইসিটি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন (ইসলামিক ফাউন্ডেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপ-পরিচালক----- জেলা কার্যালয়।
- ৬। একান্ত সচিব, মহাপরিচালক-ইসলামিক ফাউন্ডেশন।
- ৭। জনাব -----
- ৮। সংশ্লিষ্ট নথি/সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।


কাজী নূরুল ইসলাম
সচিব
ইসলামিক ফাউন্ডেশন
ফোন : ০২-৮১৮১৫১৭